

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ৩. ৮. দৈহিক-জৈবিক প্রেমের অশোভন বর্ণনা

শলোমনের পরমগীত (The song of songs, Solomon's..) বা সোলায়মানের গজল প্রটেষ্ট্যান্ট বাইবেলে (বাংলা কিতাবুল মোকাদ্দস ও অন্যান্য) ২২ নং এবং ক্যাথলিক বাইবেলে (বাংলা জুবিলী বাইবেলে) ২৬ নং পুস্তক। আমরা দেখেছি যে, শলোমন সম্পর্কে বাইবেলে বলা হয়েছে: “আল্লাহ সোলায়মানকে সাগর পারের বালুকণার মত প্রচুর পরিমাণে জ্ঞান, বিচারবুদ্ধি ও বুঝবার ক্ষমতা দান করলেন।” (১ বাদশাহনামা ৪/২৯) তাঁরই নামে এ পরমগীত পুস্তকটি।

এ পুস্তকের লেখক নারী অঙ্গের বর্ণনায় এবং জৈবিক-দৈহিক প্রেমের বর্ণনায় বিশেষ পারঙ্গমতা দেখিয়েছেন। পুরো পুস্তকটি পাঠকের মনে নারী ও পুরুষের বিষয়ে অনেক অশ্লীল ও জৈবিক বিষয় কল্পনা নিয়ে আসে। কেউ যদি এর কথাগুলো নিয়ে প্রেমিক প্রেমিকার যৌথ সঙ্গীত তৈরি করেন তবে তা মহা-অশ্লীল বলে সমালোচিত হবে। বিভিন্ন বাংলা অনুবাদে দুর্বোধ্য বা শালীন ভাষা ব্যবহার করে মূলের আবেদন অনেক দুর্বল করে ফেলা হয়েছে। যেমন ‘স্তন’ শব্দটির বদলে ‘কুচ’ বা ‘বুক’ ব্যবহার, কিছু শব্দ অনুবাদ থেকে বাদ দেওয়া ইত্যাদি। এজন্য ইংরেজি ও বিভিন্ন বাংলা অনুবাদের সমন্বয়ে এখানে একটা বর্ণনা দেখুন: “তোমার উরুদ্বয়ের মিলনস্থান অলঙ্কারের মত (KJV: the joints of thy thighs are like jewels, কেবি: তোমার গোলাকার উরুদ্বয় স্বর্ণহারস্বরূপ। মো.-০৬ তোমার দুটি উরুর গড়ন মণি-মাণিকের মত) তা যেন পাকা কারিগরের হাতের কাজ। তোমার নাভী (Thy navel) দেখতে গোল পাত্রের মত, যার মধ্যে মদের (liquor) অভাব হয় না। তোমার পেট (thy belly) দেখতে উড়ানো গমের স্তম্ভের মত যার চারপাশ লিলি ফুল দিয়ে ঘেরা। তোমার স্তনদুটো/ বুক দু’টা (Thy two breasts) গজলা হরিণের যমজ শাবকের মত (কি. মো. যেন হরিণের দুটা বাচ্চা, কৃষ্ণসারের যমজ বাচ্চা)। (৭/২-৩)

প্রেমিকার পেটের/ তলপেটের এ ‘লিলিফুলের’ বাগানে প্রেমিকের বিচরণের কথা প্রেমিকার মুখেই বাইবেল বারবার বলেছে: “আমার প্রিয় আমারই আর আমি তারই; তিনি লিলি ফুলের বনে চরেন।” (২/১৬ ও ৬/৩)

দরজায় প্রেমিক হাত রাখলে প্রেমিকার পেটের বা তলপেটের অনুভূতির বর্ণনা: (KJV: My beloved put in his hand by the hole of the door, and my bowels were moved for him): দরজার ফুটো দিয়ে আমার প্রিয় তাঁর হাত ঢুকালেন, আমার পেট/গর্ভ তার জন্য সচল হলো/ ব্যকুল হলো।” (সোলাইমানের গজল/পরমগীত ৫/৪)

কোনো কোনো সংস্করণে পেটের বদলে (heart) হৃদয় বা (inside) অভ্যন্তর শব্দ ব্যবহার করা হয়েছে।

এক্সপান্ডেড বাইবেলের পাঠ: (I felt excited inside [aroused; warmed]) “আমি ভিতরে উত্তেজিত (উত্তিত, গরম) হলাম/ অনুভব করলাম।”[1]

প্রেমিকার মুখে প্রেমিকের প্রেমালিঙ্গনের বর্ণনা এ পুস্তকে বার বার উল্লেখ করা হয়েছে: “তাঁর বাম হাত আমার

মাথার নিচে থাকে, তাঁর ডান হাত আমাকে আলিঙ্গন করে (আমার প্রেমিকের বাঁ হাত আমার মাথার নীচে রয়েছে এবং তার ডান হাত আমাকে জড়িয়ে ধরেছে।)” (২/৬ ও ৮/৩)

ফুটনোট

[1] <https://www.biblegateway.com/verse/en/Song%20of%20Solomon%205:4>

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=14514>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন